তারিখ 09 AUG 2016
পৃষ্ঠা ৪ ... কলাম ...

সংবাদ

# বিদেশে উচ্চশিক্ষার সুযোগ সৃষ্টির লক্ষ্যে জিআরসির যাত্রা শুরু

স্বল্প খরচে জার্মানির বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশি ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষার সুযোগ সৃষ্টির লক্ষ্যে দেশের বাণিজ্যিক শহর চট্টগ্রামে যাত্রা শুরু করল জার্মান রিসোর্স সেন্টারের (জিআরসি) নিজস্ব শাখা। শাখাটি চালু হওয়ায় এখন থেকে চট্টগ্রামে বসেই জার্মান ভাষা শিক্ষা ও জার্মান বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য সহায়তা পাবে সেখানকার ছাত্রছাত্রীরা। সেন্টারটি যৌথ উদ্যোগে স্থাপন করে এসএস বিজনেস করপোরেশন লিমিটেড (এসএসবিসিএল) ও বার্লিনভিত্তিক ইউরেশিয়া ইনস্টিটিউট ফর ইন্টারন্যাশনাল এডুকেশন-(ইআইআইই)।

শনিবার চট্টগ্রামের মুরাদপুর সুগন্ধ্যা অঞ্চলের আফাজিজ ভবনে এ সেন্টারের শুভ উদ্বোধন করেন জিআরসির হেড অফ অপারেশন সুমন তালুকদার। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে জিআরসির সিইও এবং জার্মান দূতাবাসের সাবেক রাজনৈতিক উপদেষ্টা মুজতবা আহমেদ মুরশেদ, জিআরসির জার্মান ভাষার শিক্ষক ইবারহার্ড সুকার, জিআরসি বাংলাদেশের চেয়ারম্যান আতাউর রহমান কাজল, জিআরসি চট্টগ্রাম এবং স্টাডিজ ওয়ার্ল্ডওয়াইডের ব্যবস্থাপনা অংশীদার জুলফে আজিজ চৌধুরী, ইমরান আহমেদসহ বিপুলসংখ্যক শিক্ষার্থী, অভিভাবক ও সাংবাদিকরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সুমন তালুকদার বলেন, অতি অল্প সময়ে চট্টগ্রামস' স্টাডিজ ওয়ার্ল্ডওয়াইড শিক্ষার্থীদের সুফলভাবে বিদেশে উচ্চশিক্ষা গ্রহণে সহায়তা করার জন্য সুনাম অর্জন করবে। সঙ্গত কারণেই এ শহরে স্থাপিত জার্মান রির্সোস সেন্টারের (জিআরসি) মাধ্যমে এখানকার ছাত্রছাত্রীরা জার্মানিতে উচ্চশিক্ষা কার্যক্রমের আওতায় জার্মান ভাষাশিক্ষার লেভেল এ-১, এ-২ এবং বি-২ সম্পন্ন করতে পারবে।